

## ■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪২৮৩

৬৪/ মাগাযী [যুদ্ধ] (كتاب المغازى)

পরিচ্ছেদঃ ৬৪/৪৯. মক্কাহ বিজয়ের দিনে নাবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম কোথায় ঝান্ডা স্থাপন করেছিলেন।

আরবী

ثُمَّ قَالَ لَا يَرِثُ الْمُؤْمِنُ الْكَافِرَ وَلَا يَرِثُ الْكَافِرُ الْمُؤْمِنَ قِيْلَ لِلزُّهْرِيِّ وَمَنْ وَرِثَ أَبَا طَالِبٍ قَالَ وَرِثَهُ عَقِيْلٌ وَطَالِبٌ قَالَ مَعْمَرٌ عَنْ الزُّهْرِيِّ أَيْنَ تَنْزِلُ غَدًا فِيْ حَجَّتِهِ وَلَمْ يَقُلْ يُوُنُسُ حَجَّتِهِ وَلَا زَمَنَ الْفَتْحِ.

বাংলা

8২৮৩. এরপর তিনি বললেন, মুমিন ব্যক্তি কাফিরের ওয়ারিশ হয় না, আর কাফিরও মু'মিন ব্যক্তির ওয়ারিশ হয় না।[1] (পরবর্তীকালে) যুহরী (রহ.)-কে জিজ্ঞেস করা হয়েছিল যে, আবূ তালিবের ওয়ারিশ কে হয়েছিল? তিনি বলেছেন, আকীল এবং তালিব তার ওয়ারিশ হয়েছিল। মা'মার (রহ.) যুহরী (রহ.) থেকে বর্ণনা করেছেন যে, আপনি আগামীকাল কোথায় অবস্থান করবেন কথাটি (উসামাহ ইবনু যায়িদ) রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-কে তার হাজ্জের সফরে জিজ্ঞেস করেছিলেন। কিন্তু ইউনুস (রহ.) তাঁর হাদীসে মক্কা বিজয়ের সময় বা হাজ্জের সফর কোনটিরই উল্লেখ করেননি। (আধুনিক প্রকাশনীঃ ৩৯৪৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৯৫১)

## **English**

He then added, "No believer will inherit an infidel's property, and no infidel will inherit the property of a believer." Az- Zuhri was asked, "Who inherited Abu Talib?" Az-Zuhri replied, "Ail and Talib inherited him."

## ফুটনোট

[1] রসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম এর চাচা আবূ তালিব যখন কাফির অবস্থায় মৃত্যুবরণ করেন তার পুত্র আকীল তখনও ইসলাম গ্রহণ করেননি। এ জন্য আকীল উত্তরাধিকার প্রাপ্ত হয়েছিলেন। কিন্তু চাচা আবূ তালিবের অন্য পুত্র 'আলী ও জা'ফর ইসলাম গ্রহণের ফলে উত্তরাধিকার থেকে বঞ্চিত হন। পরবর্তীতে আকীল তার সহায় সম্পদ বিক্রয় করে ফেলে এবং ইসলাম গ্রহণ করেন। এ জন্যই রসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম



এর উপরোক্ত উক্তি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন